২৬/১০/২০০৩

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...............

পৃষ্ঠা ২ কলাম ... ৪ .....

# সন্ত্রাসে জড়িত ॥ ছাত্রদল ঢাবি শাখার ১৩ ক্যাডারকে বহিষ্কার ও শোকজ

**স্টাফ রিপোর্টার ॥** সংগঠনের কেন্দ্রীয় নেতা এবং সাংবাদিকদের সঙ্গে দুর্ব্যবহারসহ সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত থাকার অপরাধে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা সংগঠন থেকে ১৩ ক্যাডারকে বহিষ্কার ও শোকজ করেছে। এদের মধ্যে তিনজনকে বহিষ্কার এবং ১০ জনকে শোকজ করা হয়।

সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত থাকায় ছাত্রদল থেকে বহিষ্কৃতরা

(প্রথম পাতার পর)

## সন্ত্রাসে জড়িত

হচ্ছে সূর্যসেন হলের আসাদুজ্জামান পলাশ, জিয়া হলের মুরাদুল ইসলাম এবং সূর্যসেন হলের মান্নান ফরহাদ। এছাড়া সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত থাকায় শোকজ করা হয়েছে এমন পাঁচ ক্যাডার হচ্ছে বঙ্গবন্ধু হলের সামস সুমন, সূর্যসেন হলের সাদিউল কবীর নীরব, জসীমউদদীন হলের লুৎফর রহমান, জহুরুল হক হলের তানজিল এবং একই হলের মোমিন।

সাংবাদিকদের সঙ্গে দুর্ব্যবহার করায় জহুরুল হক হলের ছাত্র ও মুহসীন হলে অবস্থানরত পাভেল, মুহসীন হলের প্রিন্স এবং জসীমউদদীন হলের রবকে শোকজ করা হয়। এছাড়া ছাত্রদল কেন্দ্রীয় নেতাদের সঙ্গে দুর্ব্যবহার করায় জসীমউদদীন হলের আহসান উদ্দিন শিপন এবং এফ রহমান হলের সাঈদ ইকবাল মাহমুদ টিটুকে শোকজ করা হয়েছে। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার জরুরী সভায় সোমবার এই সিদ্ধান্ত নেয়া হয়।